

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০২/২০১৬

তারিখঃ ১৭/০১/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (ট্রাফিক) এর দপ্তর এর দপ্তরাদেশ নং-০১/২০১৬, তারিখঃ ১০/০১/২০১৬ইং সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং-০১/২০১৬

তারিখঃ ১০/০১/২০১৬

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্থ অপারেটর (কার্গো/কন্টেইনার) এবং শিপ হ্যান্ডলিং অপারেটর এর সাথে সম্পাদিত চুক্তিনামা মোতাবেক শ্রমিক/কর্মচারীদের প্রতি বৎসর ১০% মজুরী/বেতন বৃদ্ধির প্রেক্ষিতে ইহার ফলাফল হিসাবে বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের রেইট পুনঃ নির্ধারণের জন্য সচিব, চবক এর দপ্তরাদেশ নং-৩৭/২০১৫ তাং-০৮/০৪/২০১৫ ইং মূলে সদস্য (এডমিন এন্ড প্ল্যানিং), চবক মহোদয়কে আহ্বায়ক করে ৯(নয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, শিপিং এজেন্ট/আমদানীকারক/কনসাইনী কর্তৃক চট্টগ্রাম বন্দরের বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের হ্যান্ডলিং বিল নিম্নমতে পুনঃ নির্ধারণ করা গেল।

ক। জিসিবিতে কন্টেইনার জাহাজের ক্ষেত্রে On Board অপারেশনের জন্য বার্থ অপারেটরদের হ্যান্ডলিং রেইট (শিপিং এজেন্ট কর্তৃক পরিশোধিত) ৪% হারে বৃদ্ধি করা হলো।

খ। সিসিটি টেন্ডারে ও এনসিটি ডিপিএম এ ১০% মজুরী বৃদ্ধির কথা উল্লেখ না থাকায় তথায় নিয়োজিত মেসার্স সাইফ পাওয়ারটেক লিঃ এর ক্ষেত্রে বন্দরের হ্যান্ডলিং রেইট ও On Board রেইট (শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয়) ৪% হারে বৃদ্ধি করা হলো।

গ। জিসিবি বার্থে কার্গো হ্যান্ডলিং এর ক্ষেত্রে On Board অপারেশনের জন্য বার্থ অপারেটরদের রেইট (শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদেয়) ৯% হারে বৃদ্ধি করা হলো।

ঘ। ডেলিভারীর ক্ষেত্রে সি এন্ড এফ এজেন্ট থেকে পরিশোধ যোগ্য বার্থ অপারেটরদের রেইট এফসিএল ডেলিভারীর ক্ষেত্রে বর্তমানে শ্রমিক মজুরীর উপর ১০% বৃদ্ধির প্রেক্ষিতে বর্ধিত হারে (সংযুক্তি তালিকা অনুযায়ী) ও খোলা পণ্যের ক্ষেত্রে (এলসিএল সহ) হ্যান্ডলিং পণ্যে ১০% এর ৭৫ ভাগ অর্থাৎ ৭.৫% হারে বৃদ্ধি করা হলো।

ঙ। বহিঃ নোঙ্গরে শিপ হ্যান্ডলিং অপারেটরদের কাজের ক্ষেত্রে লাইনার টার্ম ভ্যাসেলের জন্য শিপিং এজেন্ট কর্তৃক, ফ্রি-আউট কার্গো হ্যান্ডলিং এর জন্য আমদানী কারক/কনসাইনী কর্তৃক প্রদেয় চার্জ ৬.৯% হারে বৃদ্ধি করা হলো।

চ। ভবিষ্যতে শ্রমিক/কর্মচারীদের ১০% মজুরী/বেতন বৃদ্ধির প্রেক্ষিতে বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের হ্যান্ডলিং রেইট স্বয়ংক্রিয়ভাবে মজুরী/বেতন বৃদ্ধির দিন থেকে একই হারে বৃদ্ধি করা যেতে পারে।

উক্ত রেইট বৃদ্ধি স্ব স্ব ক্ষেত্রে প্রকৃত মজুরী-বৃদ্ধির তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখঃ- ১০/০১/২০১৬ইং

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

ডেলিভারী চার্জ (সি এন্ড এফ) এজেন্ট থেকে আদায় যোগ্য

এফ সি এল কন্টেইনার	চুক্তিকালীন রেইট	০৩/০৫/২০১৫ইং থেকে বর্ধিত রেইট (শ্রমিক মজুরী ১০% বৃদ্ধি করায়)
২০	-----	২০ ১৫৮০/-
৪০	-----	৪০ ২০৪০/-
		(১৫৮০ + ১০৮) = ১৬৮৮/-
		(২০৪০ + ১৪৪) = ২১৮৪/-

এলসি এল সহ খোলা পণ্যের ডেলিভারী রেইট বর্তমান রেইটের উপর ৭.৫% হারে আদায় যোগ্য হবে।

স্বাক্ষরিত/-
ট্রাফিক অফিসার (সদর দপ্তর)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।